



ISO 9001:2015 Certified

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড

নির্বাহী পরিচালক (সংগ্রহ)

এবং

ব্যবস্থাপনা পরিচালক এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৯ – জুন ৩০, ২০২০

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৫
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি	১৬
সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা	১৯

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

আধুনিক জীবন যাপন, অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক অগ্রগতির অন্যতম অনুসঙ্গ হলো বিদ্যুৎ। ডেসকো বিদ্যুৎ খাতের পথিকৃত কোম্পানির মধ্যে অন্যতম কোম্পানি। রাজধানী ঢাকার উত্তরাংশের আনুমানিক ২৫০ বর্গ কিঃ মিঃ এলাকায় বিদ্যুৎ সরবরাহের দায়িত্ব নিয়োজিত আছে ডেসকো। বিগত ০৩ (তিন) বছরে ডেসকো এলাকায় বিদ্যুৎ বিতরণের চাহিদা ১০০ মেগাওয়াট বৃদ্ধি পেয়ে সর্বোচ্চ ১০৩০ মেগাওয়াট এ উন্নীত হয়েছে এবং ক্রমবর্ধমান চাহিদার বিপরীতে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে ৬০ সার্কিট কিঃ মিঃ ৩৩ কেভি ভূ-গর্ভস্থ লাইন, আনুমানিক ৩৯৫ সার্কিট কিঃ মিঃ ১১ কেভি ভূ-গর্ভস্থ ও ওভারহেড লাইন, ১৩২ কিঃ মিঃ এলটি বিতরণ লাইন নির্মাণ করা হয়েছে। এই অবকাঠামো বৃদ্ধি করে আনুমানিক ১,৭৪,০০০ জন গ্রাহককে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে ডেসকো'র উপকেন্দ্রসমূহের ক্যাপাসিটি ১৫৮০/২২১২ এমভিএ তে উন্নীত হয়েছে। উন্নত ব্যবস্থাপনার স্বীকৃতি স্বরূপ ডেসকো আগস্ট ২০১৬ সালে আইএসও ৯০০১:২০০৮ সনদ অর্জন করেছে। জনসেবা প্রদানে ও দেশের সার্বিক উন্নয়নে সরকার কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের উদ্দেশ্যে ডেসকো তথা প্রযুক্তি নির্ভর নানাবিধ কর্মসূচি যেমনঃ অন লাইন বিলিং এন্ড কালেকশন, ই-গর্ভন্যান্স, স্মার্ট প্রি-পেইড মিটারিং, মোবাইল অ্যাপসের মাধ্যমে গ্রাহক সেবা, ওয়েবভেজড স্টোর ব্যবস্থাপনা, পিএমআইএস ইত্যাদি ডিজিটাল সেবা চালু করা হয়েছে, ফলে গ্রাহক সেবার মান বৃদ্ধিসহ প্রাতিষ্ঠানিক দৃঢ়তা, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন নিশ্চিত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে ডেসকোকে বেশ কিছু সমস্যা মোকাবেলা করতে হচ্ছে। ডেসকো এলাকায় ভূমি অপ্রতুলতার কারণে বর্ধিত লোড চাহিদা মোকাবেলার জন্য প্রয়োজনীয় বৈদ্যুতিক উপকেন্দ্র স্থাপন করা সম্ভব হচ্ছে না এবং ভূ-গর্ভস্থ বৈদ্যুতিক নেটওয়ার্ক স্থাপনের লক্ষ্যে বিভিন্ন সেবাদানকারী প্রতিষ্ঠান বিশেষ করে সিটি কর্পোরেশনসহ অন্যান্য কর্তৃপক্ষের অনুমতি পাওয়া দুরূহ। আধুনিক জীবন যাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ স্মার্ট সেবা প্রদান ডেসকোর অন্যতম বৃহৎ চ্যালেঞ্জ হিসাবে বিবেচনা করা হচ্ছে। বিদ্যুৎ সেক্টরের বিদ্যমান কোম্পানিসমূহের মধ্যে ডেসকো'র জন্য নির্ধারিত বিদ্যুতের পাইকারী মূল্যহার সবচেয়ে বেশি হওয়ায় বিদ্যুৎ ক্রয় বাবদ ডেসকোকে বছরে ডিপিডিসি'র তুলনায় প্রায় ৭৫ কোটি টাকা বেশি ব্যয় করতে হচ্ছে, যা ডেসকো'র উন্নয়ন কর্মকান্ডের উপর নেতিবাচক প্রভাব ফেলছে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

৫টি ১৩২/৩৩/১১ কেভি গ্রীড উপকেন্দ্র ও ১৪টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ প্রকল্প চলমান; বিদ্যমান ২টি ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্রের সরবরাহ ক্ষমতা বৃদ্ধির কার্যক্রম চলমান, সকল গ্রাহককে স্মার্ট প্রি-পেইড মিটারিং সিস্টেমের আওতায় আনয়ন; আধুনিক বিদ্যুৎ ব্যবস্থাপনার জন্য স্ক্যাডা (SCADA) নির্মাণ এবং GIS ম্যাপিং এর কার্যক্রম গ্রহণ; স্মার্ট গ্রীড বাস্তবায়ন; Call Center স্থাপন এবং শতভাগ ই-ফাইলিং চালুকরণ; ডিজিটাল সেবার উন্নয়ন; মানবসম্পদ উন্নয়ন ও কর্মকর্তা/কর্মচারীগণের কর্মস্পৃহা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ; ডেসকো এলাকায় বিদ্যমান রাজউকের মডেল টাউনগুলিতে ভূ-গর্ভস্থ আধুনিক বিদ্যুৎ সরবরাহ নেটওয়ার্ক স্থাপন; বিদ্যুৎ সশ্রয়ী যন্ত্রপাতি ও নবায়নযোগ্য বিদ্যুৎ এর ব্যবহার বৃদ্ধি করা; ডেসকো'র প্রধান কার্যালয় হিসাবে নিকুঞ্জ-২ এলাকায় দৃষ্টিনন্দন, পরিবেশবান্ধব ও আধুনিক ভবন নির্মাণ;

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- সিস্টেম লস ৭.১% ও SAIDI ৩৭০ তে নামিয়ে আনা
- ১০০০০০ প্রি-পেইড মিটার স্থাপন; ৪০০০০ গ্রাহককে নতুন সংযোগ প্রদান;
- কর্মকর্তা/কর্মচারীগণের কর্মস্পৃহা বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ এবং দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে জন প্রতি বার্ষিক ৭০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান;
- বিল আদায় অনুপাত ৯৯.৫% এর মধ্যে রাখা;

প্রস্তাবনা (Preamble)

ডেসকো'র আওতাধীন দপ্তর/বিভাগসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী পরিচালক (সংগ্রহ), ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড

এবং

ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

নিরাপদ, নির্ভরযোগ্য ও টেকসই বিদ্যুৎ সেবা প্রদানের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক অগ্রগতিতে সহায়ক হওয়া।

১.২ অভিলক্ষ্য (Mission)

গ্রাহকগণের জীবন যাপনে স্বাচ্ছন্দ্য আনয়ন, ব্যবসা-বাণিজ্য খাতে সহায়তা, গ্রাহকগণের নিকট উন্নততর সেবা প্রদান, কর্মক্ষেত্রে দক্ষতা অর্জনসহ শক্তিশালী জাতি গঠনে ভূমিকা রাখা এবং ডেসকো'র উপর নির্ভরশীলতার ক্ষেত্রে গ্রাহকগণের আস্থা অর্জন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করা।
২. বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন করা।
৩. নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান ও গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করা।
৪. নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
২. দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. বিতরণ লাইন নির্মাণ উপকেন্দ্রের উন্নয়ন
২. কারিগরী ও অকারিগরী লস গ্রহনযোগ্য পর্যায়ে রাখা
৩. নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা
৪. বিতরণ ব্যবস্থার আধুনিকায়নপূর্বক উন্নত গ্রাহকসেবা নিশ্চিতকরণ
৫. প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিপূর্বক মানবসম্পদ উন্নয়ন

সেকশন ২

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা ২০১৯-২০	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২০-২১	২০২১-২০২২		
বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ করে ২০২০ সালের মধ্যে সকল নাগরিকের বিদ্যুৎ সুবিধা নিশ্চিতকরণ	নতুন আবাসিক সংযোগ	সংখ্যা	৫৬২৬৬	৫৪৫২০ (মার্চ ২০১৯ পর্যন্ত)	৪০০০০	৩৫০০০	৩০০০০	ডেসকো, বিদ্যুৎ জালানি ও যন্ত্রিকা সম্পদ মন্ত্রণালয়	Monthly Operational Data
লাইন নির্মাণ করার মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সম্প্রসারণ	বিতরণ লাইন নির্মাণ	লাইন কিঃমিঃ	২০২.২৭	১৬১.৫৪ (মার্চ ২০১৯ পর্যন্ত)	১৫০	১৪০	১৩০	ডেসকো, বিজ্ঞাখস মন্ত্রণালয়	Monthly Operational Data (MOD)
উপকেন্দ্র নির্মাণ ও ক্ষমতা বর্ধনের মাধ্যমে বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার শক্তিশালীকরণ	উপকেন্দ্রের ক্ষমতা বর্ধিতকরণ	এসভিএ	১২৬	১৬০ (মার্চ ২০১৯ পর্যন্ত)	৫৬০	৩০০	২৫০	ডেসকো, বিজ্ঞাখস মন্ত্রণালয়	Monthly Operational Data (MOD)
বিতরণ ব্যবস্থার উন্নয়ন করে গ্রাহক সন্তুষ্টি অর্জন	সিস্টেম লস	%	৭.১৮	৬.১৩ (মার্চ ২০১৯ পর্যন্ত)	৭.১০	৭.০	৬.৯০	ডেসকো, বিজ্ঞাখস মন্ত্রণালয়	Monthly Operational Data (MOD)
নিরবিচ্ছিন্ন ও মান সম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ	SAIDI	মিনিট	৩৯৪	১৯৩.১৯ (মার্চ ২০১৯ পর্যন্ত)	৩৭০	৩৬০	৩৫০	ডেসকো, বিজ্ঞাখস মন্ত্রণালয়	Monthly Operational Data (MOD)
	SAIFI	সংখ্যা	১৪	৭.০৯ (মার্চ ২০১৯ পর্যন্ত)	১৪	১৩	১২	ডেসকো, বিজ্ঞাখস মন্ত্রণালয়	Monthly Operational Data (MOD)
নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন	প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষণ ঘণ্টা	৭২,৬৬	৬৩.৪৪ (মার্চ ২০১৯ পর্যন্ত)	৭০	৭০	৭০	ডেসকো, বিজ্ঞাখস মন্ত্রণালয়	Monthly Operational Data (MOD)

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৭-১৮	প্রকৃত অর্জন* ২০১৮-১৯	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৯-২০					প্রক্ষেপণ ২০২০-২১	প্রক্ষেপণ ২০২১-২০২২		
									জসধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে				
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%				
[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি করা।	৩৫	[২.১] Improvement of institutional efficiency (Financial)	[২.১.১] Accounts Receivable	গড়	Eqv. Month	৫	১.৬২	১.৬০	১.৬১	১.৬৪	১.৬৭	১.৭০	১.৭২	১.৬১	১.৬১		
			[২.১.২] Collection Bill Ratio	গড়	%	৪	১০০.৭৪	১০১.৭৬	৯৯.৫	৯৮.৮	৯৮.৫	৯৮.৫	৯৮.৩	৯৮.২	৯৯.৫	৯৯.৫	
			[২.১.৩] Accounts Payable	গড়	Month	৩	০	০	১	১.১	১.২	১.২	১.৩	১.৪	১	১	
			[২.১.৪] Current Ratio	গড়	Ratio	২	২.৩১	২.২২	২.১০	২.০৫	২.০০	২.০০	২.১১	২.১১	২.৫১	২.৫১	
			[২.১.৫] Quick Ratio	গড়	Ratio	২	১.২১	১.৬৮	১.২০	১.১৫	১.১০	১.১০	১.১	১.১	১.৩১	১.৩১	
			[২.১.৬] Debt Service Coverage Ratio	গড়	Ratio	২	১.২১	১.২৯	১.২০	১.১৫	১.১০	১.১০	১.১	১.১	১.২১	১.২১	
			[২.১.৭] DSL Payment to the Government	সমষ্টি	Taka	২			চলতি	চলতি+ বকেয়া ১০%	চলতি+ বকেয়া ১০%	চলতি+ বকেয়া ১০%	চলতি+ বকেয়া ১০%	চলতি+ বকেয়া ১০%	চলতি+ বকেয়া ১০%	শতভাগ পরিশোধিত	শতভাগ পরিশোধিত
			[২.২.১] E-GP tendering (all local below 100 crore)	সমষ্টি	%	৪	১০০	৮৬	১০০	৯০	৮০	৮০	৭০	৬০	৬০	১০০	১০০
			[২.২.২] Implementation of ADP (Financial)	সমষ্টি	%	৩	১০৬	৫৯.১৯	১০০	৯০	৮০	৮০	৭০	৬০	৬০	১০০	১০০
			[২.২.৩] GIS Mapping of all Substations	সমষ্টি	%	৩	০	০	২৫	২২	২০	২০	২৮	২৬	২৬	৬৫	১০
			[২.২.৪] GIS Mapping of 11 KV lines	সমষ্টি	%	৩	০	০	২৫	২৩	২৩	২৩	২১	২০	২০	৫৫	২০
			[২.২.৫] GIS Mapping of 33 KV lines	সমষ্টি	%	২	০	০	৫০	৪৫	৪০	৪০	৪৩	৪২	৪০	৪০	১০

সত্তর/সেত্য়র কৌশলগত উদ্দেশ্যসমূহ